



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে ৫২ আসন বিশিষ্ট TATA কোম্পানির
আরো তিনটি বাস পরিবহণ পুলে যুক্ত হল



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে ৫২ আসন বিশিষ্ট TATA কোম্পানির
আরো তিনটি বাস পরিবহণ পুলে যুক্ত হল। এ উপলক্ষে বাসসমূহের শুভ উদ্বোধন
ও চাবি হস্তান্তর অনুষ্ঠান ২০ মার্চ-২০১৮, মঙ্গলবার ভাষা শহীদ রফিক ভবন
প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য
অধ্যাপক ড. মীজানুর রহমান।

পরিবহণ প্রশাসক আবদুল্লাহ্-আল্-মাসুদ-এর সঞ্চালনায় অনুষ্ঠানে বাস ক্রয়
কমিটির আহবায়ক ও ডিপার্টমেন্ট অব মাইক্রোবায়োলজি'র অধ্যাপক ড. মোঃ
জাকারিয়া মিয়া, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড.
মোহাম্মদ আব্দুল বাকী প্রমুখ বক্তব্য প্রদান করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এসময় উপাচার্য বাসসমূহের চাবি পরিবহণ প্রশাসক-এর নিকট হস্তান্তর করেন এবং বাসসমূহের শুভ উদ্বোধন করেন। বাসসমূহের শুভ উদ্বোধন উপলক্ষে বিশেষ দোয়ার আয়োজন করা হয়।

পরিবহণপুলে বাসটি যুক্ত হওয়ার ফলে শিক্ষার্থীদের পরিবহণ সংকট অনেকাংশে হ্রাস পাবে। এসময় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, আর.এল.এল. গ্রুপের উর্ধ্বতন কর্মকর্তা, ছাত্রনেতৃবৃন্দ ও সাংবাদিক প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, অনুষ্ঠানটি স্পন্সরে ছিলো আর.এফ.এল. গ্রুপ।